



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়

সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ

ছাপিতঃ ১৯০৩ খ্রি, ডাকঘর ৪ সিলেট, জেলাঃ সিলেট।

EIIN: 130399

০৮২১-৭১৬২৩৭, ই-মেইল : gaghsc@gmail.com, ওয়েবসাইট : www.gaghscsyl.edu.bd

সূত্র ৪

তারিখঃ ২৩/০৫/২০২১খ্রিঃ

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিদ্যালয়ের ২০২১ শিক্ষাবর্ষে অধ্যয়নরত সকল শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীদের (৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণি পর্যন্ত) ইউনিক আইডি ফরম পূরণ করতে হবে। এজন্য সকল শিক্ষার্থীকে জন্ম নিবন্ধন সনদ অনলাইন রেজিস্ট্রেশনভুক্ত কি না যাচাই করতঃ যেসব শিক্ষার্থীর জন্ম নিবন্ধন অনলাইন রেজিস্ট্রেশনভুক্ত নয় তাদেরকে দ্রুত অনলাইনে জন্ম নিবন্ধন সম্পন্ন করে নিজের কাছে রাখার নির্দেশ দেওয়া হলো। অনলাইন জন্ম নিবন্ধন নম্বর হবে ১৭ ডিজিট এবং তা অনলাইনে ভেরিফিকেশন করা যাবে। উল্লেখ্য যে, ১৭ ডিজিট বিশিষ্ট জন্ম নিবন্ধন নাম্বার থাকলেও যদি তা অনলাইন ভেরিফিকেশন করা না যায় (জন্ম নিবন্ধন সনদ অনলাইন রেজিস্ট্রেশনভুক্ত কি না তা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশনে যোগাযোগ করলে জানা যাবে) তবে পুনরায় নিবন্ধন করে নিবন্ধন কার্ডটি সংগ্রহে রাখতে সকল শিক্ষার্থীকে নির্দেশ দেওয়া গেল।

প্রতিষ্ঠানের EIIN: 130399

এছাড়াও আরো যা যা লাগবে

- ১। শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি ২ কপি।
- ২। শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি ১ কপি।
- ৩। শিক্ষার্থীর রক্তের গ্রুপ সনাক্তের প্রমাণপত্র (গ্রুপ জানা থাকলে ফরমে লিখলে চলবে)
- ৪। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১ কপি।
- ৫। পিতা ও মাতার অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি ১ কপি। (যদি থাকে)
- ৬। পিতা-মাতা উভয়ই জীবিত না থাকলে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১ কপি।
- ৭। শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের ফটোকপি (৯ম শ্রেণি থেকে ১২শ শ্রেণির শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)।
- ৮। পিইসি/ইবতেদায়ী, জেএসসি/জেডিসি, এসএসসি/দাখিল/ভোকেশনাল পরীক্ষার সনদ ও ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি।
- ৯। শিক্ষার্থী প্রতিবন্ধী হলে প্রতিবন্ধী সনদের ফটোকপি ১ কপি।
- ১০। সচল একটি মোবাইল নম্বর।

উল্লেখ্য যে, উপরিস্ত কাগজপত্রাদি সংগ্রহ করে <http://www.banbeis.gov.bd/> ওয়েবসাইট হতে IEIMS অপশন থেকে শিক্ষার্থী তথ্যছক ডাউনলোড করতঃ ২৯/০৫/২০২১খ্রিঃ তারিখের মধ্যে পূরণ করে রাখতে হবে। পরবর্তীতে নির্দেশিত তারিখে বিদ্যালয়ে স্ব-স্ব শ্রেণি শিক্ষকের নিকট জমা দিতে হবে।


প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ,
সিলেট।

মমতাজ বেগম
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
সরকারি অগ্রগামী বালিকা উচ্চ
বিদ্যালয় ও কলেজ, সিলেট।